সূত্র নং-বিএসইসি/মুখপাত্র (৩য় খন্ড)/২০১১/ ১৭৪

তারিখঃ ফেব্রুয়ারি ২৬, ২০২০ খ্রিষ্টাব্দ

**প্রেস বিজ্ঞপ্তি**

বিষয়: Seminar on 'Financial Statement Analysis and Detection of Fraud'

বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস (বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের গবেষণা ও প্রশিক্ষণ ইন্সটিটিউট) এর উদ্যোগে ২৬ ফেব্রুয়ারি ২০২০ ইং তারিখে সিকিউরিটিজ কমিশন ভবনে Financial Sector Analysis and Detection of Fraud শীর্ষক একটি সেমিনার অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধনী পর্বের শুরুতে স্বাগত বক্তব্য প্রদান করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর মহা-পরিচালক জনাব মাহবুবুল আলম। তিনি তার বক্তব্যে অন্যান্যের মধ্যে প্রশিক্ষণের অপর গুরুত্বারোপ করেন। পরবর্তীতে কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ কাস্টমার কমপ্লেইন এড্রেস মডিউল-এর উপর সংক্ষিপ্ত আলোকপাত করেন। উদ্বোধনী পর্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের চেয়ারম্যান ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর বোর্ড অব গভর্নরস এর চেয়ারম্যান ড. এম. খায়রুল হোসেন। তিনি বলেন, কোম্পানির আর্থিক প্রতিবেদনের মাধ্যমে বিনিয়োগকারীরা কোম্পানির পারফর্মেন্স ও আর্থিক সামর্থ্য সম্পর্কে ধারণা লাভ করে থাকে। তাই আর্থিক প্রতিবেদনের স্বচ্ছতা নিশ্চিত করার জন্য আমাদের সবাইকে একত্রে কাজ করতে হবে। প্রাতিষ্ঠানিক বিনিয়োগকারী, ক্ষুদ্র বিনিয়োগকারী, সাংবাদিক, ইস্যু ব্যবস্থাপক, নিয়ন্ত্রণকারী সংস্থাসহ পুঁজিবাজারের অন্যান্য অংশীজনকে আর্থিক প্রতিবেদন বিশ্লেষন ও সঠিকতা যাচাই করার সক্ষমতা বৃদ্ধি করতে হবে। তিনি বলেন, আর্থিক প্রতিবেদন প্রস্তুত করার ক্ষেত্রে মূল ভূমিকা পালনকারী হচ্ছে কোম্পানি এবং অডিট ফার্ম। তাদের অবশ্যই একাউন্টিং স্ট্যান্ডার্ড মেনে স্বচ্ছ ও সঠিক প্রতিবেদন প্রস্তুত করা উচিত। তিনি আরো বলেন, ভালো আইপিও আনতে হলে ও আইপিও হতে উত্তোলিত অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করতে হলে সঠিক ও সচ্ছ আর্থিক প্রতিবেদনের কোন বিকল্প নেই। তিনি বলেন, পুঁজিবাজারের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করনের জন্য ইতিমধ্যে স্পেশাল ট্রাইব্যুনাল ও ফাইন্যান্সিয়াল কাউন্সিল গঠিত হয়েছে। তিনি সাংবাদিকদের উদ্দ্যেশে বলেন, সাংবাদিকরা হচ্ছেন জাতির বিবেক এবং সাংবাদিকরা সঠিক তথ্য ও উপাত্ত প্রকাশের মাধ্যমে বিনিয়গকারীদের সচেতনতা বৃদ্ধির মাধ্যমে পুঁজিবাজারের উন্নয়নে গুরুত্বপূর্ন ভূমিকা পালন করতে পারে। কোম্পানিসমুহের সঠিক ও স্বচ্ছ আর্থিক প্রতিবেদন নিশ্চিতির মাধ্যমে পুঁজিবাজারের সার্বিক উন্নয়নে সাংবাদিকসহ সকলের সহযোগিতার আহবান জানিয়ে তিনি তার বক্তব্য শেষ করেন। এ সময় কমিশনের কমিশনারবৃন্দ উপস্থিত ছিলেন।

সেমিনারের টেকনিক্যাল সেশন পর্বের শুরুতে Financial Sector Analysis and Detection of Fraud এর উপর মূল প্রবন্ধ উপস্থাপন করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালক ও বাংলাদেশ একাডেমি ফর সিকিউরিটিজ মার্কেটস এর অতিরিক্ত মহা-পরিচালক মোহাম্মদ রেজাউল করিম। মূল প্রবন্ধে কোম্পানির আর্থিক প্রতিবেদনে কি ধরনের অসঙ্গতি ও অনিয়ম থাকতে পারে, কিভাবে আর্থিক প্রতিবেদন বিচার-বিশ্লেষণ করতে হয় সে সকল পদ্ধতি ও কৌশল সংক্রান্ত বিষয়ে আলোচনা করা হয়।

পরবর্তীতে উক্ত বিষয়ের উপর প্যানেল আলোচনা ও প্রশ্নোত্তর পর্ব অনুষ্ঠিত হয়। প্যানেল আলোচক হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের পরিচালক জনাব কামরুল আনাম খান, এসিএমএ, ফাইন্যান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল-এর নির্বাহী পরিচালক জনাব মোহাম্মদ মহিউদ্দিন আহমেদ, এফসিএ, সেন্ট্রাল ডিপোজিটরি বাংলাদেশ লিমিটেড-এর এমডি ও সিইও জনাব শুভ্র কান্তি চৌধুরী, এফসিএ, সিএমজেএফ এর সভাপতি জনাব হাসান ইমাম রুবেল এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগের সহকারী অধ্যাপক মোহাম্মদ সালাউদ্দিন চৌধুরী, এফসিএ। এ সেশনটি পরিচালনা করেন বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশনের নির্বাহী পরিচালক জনাব ফরহাদ আহমেদ। অনুষ্ঠানে স্টক এক্সচেঞ্জ, মার্চেন্ট ব্যাংকার এবং সিএমজেএফ ও পুঁজিবাজার সংশ্লিষ্ট সাংবাদিকবৃন্দসহ প্রায় ২০০ জন উপস্থিত ছিলেন এবং অনেকে তাদের মূল্যবান মতামত প্রদান করেন।

২৬/০২/২০২০

মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র


“মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার” - বিএসইসি
Seminar on
“Financial Statements Analysis and Detection of Fraud”
Chief Guest
Dr. M. Khairul Hossain, Chairman, BSEC & BASM
26 February, 2020, Multipurpose Hall, Securities Commission Bhaban, Agargaon, Dhaka.


BASM
Seminar on
Chief Guest


"মুজিববর্ষের অঙ্গীকার
উন্নয়ন-অর্থায়নের উৎস হবে পুঁজিবাজার" - বিএসইসি
Seminar on
"Financial Statements Analysis and Detection of Fraud"
Chief Guest
Dr. M. Khairul Hossain, Chairman, BSEC & BASM
26 February, 2020, Multipurpose Hall, Securities Commission Bhaban, Agargaon, Dhaka.

